

ঢাকা ওয়াসা

- ০১। মডস জোন-৯ এর ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট বরাদ্দের অনুলিপি।
০২। আলোচ্য কাজের আলোকচিত্র।
০৩। পিপিআর-২০২৫ এর প্রাসঙ্গিক বিধির অনুলিপি।
০৪। ঢাকা ওয়াসা বোর্ড কর্তৃক আর্থিক ক্ষমতা অর্পনের অফিস আদেশ এর কপি।
০৫। প্রাক্কলন।

বিষয়ঃ মডস জোন-৯, এর ঢাকা মেট্রো ট-১৪-০১২৭ পানির গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা মডস জোন-৯ হতে কুড়িল বিশ্বরোড থেকে আব্দুল্লাহপুর পর্যন্ত ঢাকা - ময়মনসিংহ মেইন রোড এর পূর্ব এবং পশ্চিম দুই পাশের এলাকায় পানি সরবরাহ করা হয়। প্রতি বছর শুষ্ক মৌসুমে কোন কারনে কোন পাম্প বন্ধ থাকলে অথবা কোন পাম্পের উৎপাদন কমে গেলে অত্র এলাকাসমূহে পানির সংকট দেখা দেয়। এছাড়াও যে কোন মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ, লোডশেডিং ইত্যাদি করনে সাময়িক সময়ে পানি সরবরাহ বন্ধ থাকলেও জনমনে অসন্তোষ ও ক্ষোভ সৃষ্টি হয় যা ঢাকা ওয়াসার সুনাম ক্ষুণ্ণ করে। চাহিদার তুলনায় উৎপাদন কম হওয়ায় নিরবিচ্ছিন্নভাবে পানি সরবরাহ করা যায় না। এই অবস্থায় শুষ্ক মৌসুমে ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহক গনকে প্রয়োজনীয় পানি প্রাপ্তির লক্ষ্যে ২৪ ঘন্টা পানির গাড়ীর মাধ্যমে পানি সরবরাহ করা হয়ে থাকে। উক্ত গাড়ি গুলি ২৪ ঘন্টা পানির সরবরাহ করার কারনে প্রায় সময় বিভিন্ন যন্ত্রাংশ বিকল হয়ে পড়ে। তাই জরুরী ভিত্তিতে ঢাকা মেট্রো-ট-১৪-০১২৭ পানির গাড়িটির বিভিন্ন যন্ত্রাংশ মেরামত কাজ করার জন্য বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনের সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪৯,৬১০/- (উনপঞ্চাশ হাজার ছয়শত দশ টাকা মাত্র) টাকা। কাজটি অনুমোদিত হলে এর ব্যয় মডস জোন-৯ এর ২০২৬-২৭ অর্থ বছরের প্রাক্কলিত ও অনুমোদিত বাজেটের Vehicle maintenance খাত হতে নির্বাহ করা হবে(সংযুক্তি নং-০১) পরবর্তীতে কাজটি এপিপি-এর "Vehicle maintenance" খাতের থেকে বরাদ্দের আওতায় সমন্বয় করা হবে।

২। এমতাবস্থায়, মডস জোন-৯, এর ঢাকা মেট্রো-ট-১৪-০১২৭ পানির গাড়ির বিভিন্ন যন্ত্রাংশ মেরামত কাজের ৪৯,৬১০/- (উনপঞ্চাশ হাজার ছয়শত দশ টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি পিপিআর-২০২৫ এর ৯৯(১)(ড) বিধি মোতাবেক ডিপিএম পদ্ধতিতে ভাই ভাই অটোমোবাইল ওয়ার্কস-২ কর্তৃক বাস্তবায়নের অনুমোদন দেয়া যেতে পারে এবং যা ঢাকা ওয়াসা বোর্ড কর্তৃক অনুমোদিত Sub-Delegation of Financial Power অনুযায়ী প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনযোগ্য আর্থিক ক্ষমতার আওতাভুক্ত (ক্রমিক নং-০৪)।

27.7.26

জাহিরুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৯
ঢাকা ওয়াসা

SDE

মোঃ দেলোয়ার হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডস জোন-৯
ঢাকা ওয়াসা

EE

জুনায়েদ আবু ইয়াসীর
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৯, ঢাকা ওয়াসা

SEC/MDS cin-2

02/06/26

একৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SE/MDS-2

EE, MDS Zone-9

02.08.26

02/08/2026

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।